

নতুন ওয়েব ডেভেলাপারদের জন্য সার্ভার ব্যবস্থাপনা

(শেষ পর্বে)

নাজমুল হক

সিপ্যানেল ডিউজিরিয়ালের আশের পর্বে ব্যাপকভাবে ব্যবহার হওয়া এবং জনপ্রিয় সার্ভার ম্যানেজমেন্ট আন্টিকেশন সিপ্যানেল হোস্টিং কন্ট্রোল প্যানেলে ডাইনামিক/ডাটাবেজ নির্ভর ওয়েবসাইট আপলোড করা, ওয়েবমাইল তৈরি করা, এফটিপি তৈরি করা ইত্যাদি নিয়ে আলোচনা করা হয়েছিল। আজ সিপ্যানেলের আরো কিছু গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা করা হলো।

প্রোফারেন্স ট্যাব আলোচনা

সিপ্যানেলের মূল অংশের প্রোফারেন্সেস ট্যাবটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এর বিভিন্ন অপশন ব্যবহার করে সহজেই সিপ্যানেল সম্পর্কে ধারণা লাভ করা যায় বা সিপ্যানেলের বর্তমান তথ্যের পরিবর্তন করা যায়।



উইজার্ড চালু করা

এই উইজার্ডে ক্লিক করে সিপ্যানেল সম্পর্কে একটি প্রাথমিক ধারণা লাভ করতে পারেন। এখানে সিপ্যানেলের বিভিন্ন বিষয় সম্পর্কে একটি সহজ ধারণা দেওয়া হয়েছে।

ভিডিও টিউটরিয়াল

এখানে সিপ্যানেলের বিভিন্ন বিষয়ের ওপর কিছু ভিডিও রয়েছে। ভিডিওগুলোতে সিপ্যানেলের নানা অপশন কিতাবে ব্যবহার করতে হবে তা দেখানো হয়েছে।

পাসওয়ার্ড পরিবর্তন করা

এর মাধ্যমে আপনার সিপ্যানেলের পাসওয়ার্ড পরিবর্তন করতে পারবেন। এর পরবর্তী তিনটি অপশনে বর্তমান কন্টাক্ট ইনফো পরিবর্তন, ভাষা পরিবর্তন এবং সার্ভিকোড ব্যবহার করার জন্য ব্যবহার হয়।

ওয়েবমাইলের কিছু অ্যাডভান্সড ফিচার

গত পর্বে ওয়েবসাইটের নামে ই-মেইল তৈরি করা দেখানো হয়েছিল। সাধারণত মেইল ট্যাকের Email Accounts অপশনটি দিয়ে ই-মেইল খোলা হয় এবং webmail অপশনটি দিয়ে কি কি মেইল অ্যাকাউন্ট আছে সেগুলো দেখা যায়। মেইল



ট্যাবে Spam Assassin অপশনটি ব্যবহার করে সহজেই মেইলের স্প্যাম মেইল চিহ্নিত করা যায় এবং অনাকাঙ্ক্ষিত মেইল ডিলিট করা যায়।

মেইল ট্যাবের আরেকটি গুরুত্বপূর্ণ অপশন হচ্ছে Forwarders ব্যবহার করে POP3 ই-মেইলকে আপনার জি-মেইল, ইয়াহুমেইল বা অন্য কোনো ই-মেইলে ফরওয়ার্ড করতে পারবেন। ধারণা, আপনার প্রতিষ্ঠানের ই-মেইল হচ্ছে info@sportstimebd.com। এই ঠিকানাতে কোনো মেইল এলে যেহেতু আপনার পার্সোনাল ই-মেইলে এক কপি পেয়ে যান, তাহলে আপনার পার্সোনাল ই-মেইলটি Forwarders অপশনে Add Forwarder-এ ক্লিক করে যোগ করে দিন।

Forwarders অপশনের মতো আরেকটি গুরুত্বপূর্ণ অপশন হচ্ছে Auto Responders অপশন। আপনি ইচ্ছে করলে একটি অটো রেসপন্স মেসেজ এখানে তৈরি করে রাখতে পারেন। আপনার POP3 ই-মেইলে মেইল লেগার্য পরপরই মেইলপাঠা আপনার একটি মেসেজ পেতে পারে এই অপশনের মাধ্যমে। অনেক কোম্পানিই এভাবে একটি মেইল তৈরি করে রাখে যা তাদের যোগাযোগকে আরো সহজ করে তোলে।

সাবডোমেইন তৈরি করা

ওয়েবসাইটের সাবডোমেইন, আফআন ডোমেইন, পার্কড ডোমেইন তৈরি করার কাজটি করতে পারেন Domain ট্যাবের অপশনগুলো ব্যবহারের মাধ্যমে।



আপনার ওয়েবসাইটের সাবডোমেইন করার জন্য subdomains অপশনে ক্লিক করে Create a Subdomain সেকশনে ক্লিক করুন।

আপনার কাস্টম সাবডোমেইন

সাবডোমেইনের নামটি দিন। ধারণা, আপনার মূল সাইটের ইউআরএলটি হচ্ছে www.shop.com। আপনি চাচ্ছেন এই সাইটের একটি ফোরাম করতে, তাহলে ফোরামের সাবডোমেইনটি হবে forum.shop.com। যখন সাবডোমেইনটি লিখবেন তখন Document root-এ আপনার সাবডোমেইনটির নামে একটি ফোল্ডার তৈরি হবে। forum.shop.com সাবডোমেইনের জন্য আপনার সিপ্যানেলের পাবলিক এইচটিএমএল ফোল্ডারের ভেতরে forum নামের একটি ফোল্ডার তৈরি হবে। আপনার ফোরাম ওয়েবসাইটের সব ফাইল forum ফোল্ডারের মধ্যে রাখলে ফোরাম

সাবডোমেইনে ওয়েবসাইটটি দেখতে পাবেন।

ওয়েবসাইটের নিরাপত্তা বাড়াণো

আপনার ওয়েবসাইটের নিরাপত্তা বাড়াতে পারেন সিপ্যানেলের সিকিউরিটি ট্যাকের অপশনগুলো ব্যবহার করে। আপনি ইচ্ছে করলে ওয়েবের বিভিন্ন ফোল্ডার প্রয়োজনমতো Password Protected Directories অপশন ব্যবহার করে লক করে রাখতে পারেন। IP Deny Manager অপশন ব্যবহার করে আপনার ওয়েবসাইটের আইপি অ্যাড্রেসের নিরাপত্তা নিতে



পারেন। SSL Manager অপশন ব্যবহার করে আপনার সাইটের অধিক নিরাপত্তা নিতে পারেন। SSL CERTIFICATES কিসে ব্যবহার করতে হয়। আমরা যদি আমাদের http://www.shop.com ওয়েবসাইটে এসএসএল সার্টিফিকেট যুক্ত করি তাহলে আমাদের ওয়েব অ্যাড্রেসটি হবে https://www.shop.com। সাধারণত ফেসবু সইটে অর্ধ লেন্সেন হয়। সেসব সাইটে এসএসএল সার্টিফিকেট ব্যবহার করা হয়। যেমন- ই-কমার্স সাইটগুলো, পেপাল, অ্যামাজন, ইবে, আবার বড় বড় সাইটেও এসএসএল সার্টিফিকেট ব্যবহার করে নিরাপত্তা বাড়াণো হয়। যেমন- গুগল, ফেসবুক।

সিপ্যানেল থেকে জনপ্রিয় স্ক্রিপ্ট ইনস্টলেশন

সিপ্যানলে সফটওয়্যার এবং ইনস্টলার নামে একটি ট্যাব রয়েছে। সিপ্যানেলের এই ট্যাবটি অনেক গুরুত্বপূর্ণ। এর বিভিন্ন অপশন ব্যবহার করে বিভিন্ন জনপ্রিয় স্ক্রিপ্ট যেমন- জুমলা, ওয়ার্ডপ্রেস, পিইউপিবিবি, ড্রেপাল, ওপেনকর্ট ইত্যাদি সরাসরি আপনার সাইটে ইনস্টল করতে পারবেন। আমরা সাধারণত কোনো স্ক্রিপ্ট দিয়ে আমাদের ওয়েবসাইট করতে চাইলে স্ক্রিপ্টটি প্রথমে ডাউনলোড করি, তারপর সিপ্যানেলের পাবলিক এইচটিএমএল ফোল্ডারের



ভেতরে আপলোড করে ইনস্টল করে থাকি। কিন্তু সিপ্যানেলের এই অপশনটি ব্যবহারের মাধ্যমে জনপ্রিয় স্ক্রিপ্টগুলো ডাউনলোড/আপলোড না করেই এখান থেকে ইনস্টল করতে পারবেন।

নতুন ট্রিপল্যাণ ওয়েব ডেভেলাপাররা নিক্যাই আমাদের এই তিন পর্বের ডিউটরিয়াল থেকে সিপ্যানেল হোস্টিং ব্যবহারের প্রাথমিক ধারণা পেয়ে গেছেন।

কিছুকাল : najmul.pss@gmail.com